হাওড়ায় একগুচ্ছ রাস্তা নির্মাণের পরিকল্পনা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার জয়পুর ও আমতা থানা এলাকার অন্তর্ভুক্ত আমতা-২ ব্লক কৃষি নির্ভর ও জনবহুল হওয়াতে এলাকায় যোগাযোগ ব্যবস্থা আমুল পরিবর্তন করার চেষ্টা করছে রাজ্যের মা মাটি মানুষের সরকার। সরকারের অধীনে একযোগে কাজ করে চলেছে সরকারের বিভিন্ন দফতর ও তৃণমূল নেতাদের প্রচেষ্টা।

পার্টি প্রতিনিধি ও নির্বাচিত জনপ্রতিনিধিগণ আছেন এর মধ্যে। গ্রামীণ রাস্তা উদযাপন দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাওড়া জেলা পরিষদ, আমতা-২ পঞ্চায়েত সমিতির ও এলাকার ১৮টি গ্রাম পঞ্চায়েত এবং বিভাগের আধিকারিকগণ।

এলাকার লোকজন দীর্ঘদিন ধরে আন্দোলন চালিয়ে যাওয়ার ফলে সরকারের দৃষ্টি আকর্ষণ করে তারই সুফল ভোগ করতে চলেছে এলাকার হাজার হাজার মানুষ। এই রাস্তা গুলো নির্মাণ কাজ শুরু হল। সময়ের মধ্যে শেষ করতে হবে বলে জানিয়েছেন হাওড়া জেলা পরিষদ কৃষি ও সেচ কর্মাধ্যক্ষ রমেশ চন্দ্র পাল। আমতা-২ পঞ্চায়েত সমিতির মিঠু বাড়ুই জানান, আমরা সার্বিক প্রশাসনের উদ্যোগে এই রাস্তা নির্মাণ করার চেষ্টা করেছি। আশাকরি সবাই নির্মাণ কাজে সহযোগিতা করবেন ও আগামী দিনে আরও বেশি বেশি করে আমাদের সঙ্গে থাকবেন সবসময়।

জয়পুর থানার অমরাগড়ী ঝিলগোড়ায় আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আরও অনেকেই। এই স্মরণীয় অনুষ্ঠান ঘিরে উন্মাদানা ছিল তুঙ্গে। এলাকার মানুষ অল্প সময়ে ব্লক হেডকোয়ার্টারে যোগাযোগ করতে পারবেন ও কলেজ, হাসপাতালে এবং কৃষিজাত পণ্য পরিবহণ সহজলভ্য হবে বলে জানালেন ঘনশ্যামচকের জরি শিল্পী আম্বিয়া বেগম, চকজনার্দনের কৃষক নিমাই বেরা, অমরাগড়ীর সমাজকর্মী সৌরভ রায়, মনুচকের ব্যবসায়ী বিমল দলুই, অমরাগড়ী মেনকা স্মৃতি বিদ্যা মন্দিরের শিক্ষক সেখ গোলাম ইয়াজদানি বাগবুল। ছাত্রী সিরাজাম মনিরা এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন।

সুডোকু মেলাও — বুদ্ধি বাড়াও

	7		9	3		8	5	
9		5						
			4			9		
		1	7					6
	8		1		4		2	
6					8	5		
		8			9			
						6		4
	6	2		4	7		9	

গতকালের সমাধান

9	4	7	2	6	3	8	1	5
1	8	3	9	7	5	2	6	4
2	5	6	8	1	4	7	9	3
7	1	9	3	4	6	5	8	2
5	6	4	7	8	2	1	3	9
3	2	8	1	5	9	4	7	6
4	9	1	6	2	7	3	5	8
8	3	5	4	9	1	6	2	7
6	7	2	5	3	8	9	4	1

আবহাওয়া

পূর্বাভাস: মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩১ ডিগ্রি ও ১৮ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৫৯ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।০৫, **সূর্যাস্ত:** ঘ ৫।৩৫ **জোয়ার**:বিকেল : ৪:৩১। **ভাঁটা**: সকাল: ১১:৩৫।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	63.9097
INR / 1 Euro	:	80.1683
INR / 100 Jap. YEN	:	60.4600
INR / 1 Pound Sterling	:	90.3108

শেয়ারসূচক

BSE	33,774.66	▼	(-236.10)
NIFTY	10,378.40	▼	(-73.90)

শব্দলিপি - ১১২৬



[illegible]

পাশাপাশি : [illegible]

উপর-নীচ : [illegible]

সমাধান : শব্দলিপি - ১১২৫

পাশাপাশি : [illegible]

উপর-নীচ : [illegible]

পুজোর চাঁদা না দেওয়ায় মারধর

নিজস্ব সংবাদদাতা, শান্তিপুর : পুজোর চাঁদা না দেওয়ার মারধর করা হল ব্যবসায়ীর বাবাকে। ভাঙচুর সাইকেল গ্যারাজ। অভিযুক্তদের বিরুদ্ধে শান্তিপুর থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।

শান্তিপুর স্টেশনের কাছে রেল অনুমোদিত গ্যারাজ আছে। প্রতি বছর টেন্ডার ডেকে এর দায়িত্ব বণ্টন হয়। এবার গ্যারাজের দায়িত্বপেয়েছেন সম্রাট দেব নামে স্থানীয় এক ব্যক্তি। এদিকে, ওই এলাকাতেই হচ্ছে গোপাল ঠাকুরের পুজো। তাই চাঁদা তুলতে বেরিয়েছেন কয়েকজন। রবিবার রাতে সাইকেল গ্যারাজেও যায় তারা। সেসময় সম্রাট গ্যারাজে ছিলেন না। ছিলেন তাঁর বাবা শ্যাম দেব ও সঞ্জীব পাল নামে এক বন্ধু। পুজো উদ্যোক্তারা ৭০০ টাকা চাঁদা চায়। শ্যাম জানিয়ে দেন, এখন ছেলে নেই। কাল এসে কথা বলুন। রাজি হয়নি চাঁদা আদায়কারীরা। অকথ্য ভাষায় গালিগালাজ দিতে শুরু করে। মারধরও করা হয়। ভেঙে দেওয়া হয় সিসিটিভি। আশপাশের দোকানিরা শ্যাম ও সঞ্জীবকে উদ্ধার করে শান্তিপুর স্টেট জেনেরেল হাসপাতালে নিয়ে যায়। প্রাথমিক চিকিৎসার পর তাঁদের ছেড়ে দেওয়া হয়। এদিকে, এই ঘটনায় সোমবার শান্তিপুর থানায় লিখিত অভিযোগদায়ের করেন সম্রাট। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

ভাগ্যলিপি

মেষ

একটা উচ্চ আশা জাগতে পারে আপনার মনে। সেইপথে এগিয়েচলুন।

বৃষ

ব্যবসায়ী লেনদেন সফল হতে পারেন আপনি। আর্থিকদিক থেকে সাফল্য পাবেন।

মিথুন

এগিয়ে চলার দিন আজ, সাফল্য আসবে সবক্ষেত্রেই।

কর্কট

গুরুত্বপূর্ণ ব্যবসায়ী লেনদেন, আজ শেষ করতে পারেন।

সিংহ

প্রতেক্যের একটা ইতিবাচক ভাবনাচিন্তা রয়েছে। সেই ভাবনাচিন্তা থেকে সামনের দিকে এগোলে সাফল্য আসে। সেই উদাহরণকে সামনে রেখে এগিয়েচলুন।

কন্যা

ব্যবসায়ে আজ প্রচণ্ড প্রতিযোগিতার মধ্যে পড়তে হবে।

তুলা

সামাজিক ক্ষেত্রে সাফল্যলাভের সম্ভাবনা। ব্যবসায়ীদের ক্ষেত্রে দিনটি শুভ।

বৃশ্চিক

যে পরিকল্পনা আপনি করছিলেন। তা সফল হওয়ার সম্ভাবনা রয়েছে।

ধনু

একটা স্পর্শকাতর দিন আজ। এগিয়ে চলার চেষ্টা করুন। সাফল্য পাবেন।

মকর

একদম ভালদিন নয়। ব্যবসায়ে ক্ষতির সম্ভাবনা। গুরুত্বপূর্ণ সিদ্ধান্তআজনা নেওয়াইভালে।

কুম্ভ

সাফল্য আসবে। এগিয়ে চেষ্টা করুন। তবে অপ্রত্যাশিত কিছু পেতেপারেন।

মীন

সাফল্য আসবেআজ। ব্যবসায়ে গুরুত্বপূর্ণসিদ্ধান্তনিতেপারেন।

নিউব্যারাকপুর থেকে দিঘাগামী বাস চালু হল

নিজস্ব সংবাদদাতা, উত্তর ২৪ পরগনা : নিউব্যারাকপুর পুরসভার উদ্যোগে নিউব্যারাকপুর থেকে দিঘাগামী বাস চালু হল। এলাকার মানুষের দীর্ঘদিনের চাহিদা বাস্তবায়িত হল। সোমবার সকালে কৃষ্টি প্রেক্ষাগৃহের সামনে থেকে পতাকা নেড়ে বাসযাত্রার শুভ উদ্বোধন করেন রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ও সাংসদ অধ্যাপক সৌগত রায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নিউব্যারাকপুর পুরসভার পুরপ্রধান তৃপ্তি মজুমদার। অন্যানদের মধ্যে উপস্থিত ছিলেন উপপুরপ্রধান মিহির দে, প্রাক্তন পুরপিতা সুখেন মজুমদার, পুরদলনেতা প্রবীর সাহা সহ বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলরগণ। রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় ও নির্দেশে বিভিন্ন পুরসভাগুলিতে চলছে উন্নয়নের কর্মযজ্ঞ। তারই সফল রূপায়ণ হল নিউব্যারাকপুর থেকে দিঘাগামী বাসরুট চালু। রাজ্যের পরিবহণ দফতরের তৎপরতায় ও নিউব্যারাকপুর চেয়ারপার্সন তৃপ্তি মজুমদারের উদ্যোগে চালু হল এই দীঘাগামী বাসযাত্রা। এখন থেকে সকলেই শহর থেকে দিঘায় পৌঁছে যেতে পারবেন দ্রুততার সঙ্গে। গত ২৬ জানুয়ারি বারাসত থেকে একটি বাস আসে নিউব্যারাকপুরে ট্রায়ালের জন্য। রাজ্যের পরিবহণ দফতরের মন্ত্রী শুভেন্দু অধিকারীর সার্বিক প্রচেষ্টায় শহর থেকে দুটি বাস চালু হয় দীঘার উদ্দেশে। সাংসদ অধ্যাপক সৌগত রায় বলেন, সামনে পঞ্চায়েত নির্বাচন। আমাদের লক্ষ্য উন্নয়ন।

নিউব্যারাকপুর শহর জুড়ে চলছে উন্নয়নের কর্মযজ্ঞ। রাস্তাঘাট চাওড়া হচ্ছে। পিচ দিয়ে রাস্তার কাজ চলছে। এলইডি আলো দিয়ে শহরকে আলোকিত করা হয়েছে। উদ্বাস্তু কলোনি স্বপ্ন নগরীতে পরিণত হচ্ছে ধীরে ধীরে। নিউব্যারাকপুর শহর জুড়ে ফুটবলের উন্মাদনা বেড়েছে। এলাকার শিক্ষা প্রতিষ্ঠানগুলি অনেক এগিয়ে আছে অন্যান্য পুরসভার তুলনায়। বাসটি চালু করার জন্য মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ও শুভেন্দু অধিকারীকে ধন্যবাদ জানান তিনি। তিনি আরও বলেন, তৃপ্তি ও সুখেনের উদ্যোগে সার্বিক সহযোগিতায় শহরের উন্নয়ন হয়ে চলেছে। আমি এই পুরসভার পরিচালকদের আন্তরিক ধন্যবাদ জানাই।

এদিন তিনি বিজেপির বর্তমান কার্যকলাপেরও কড়া ভাষায় সমালোচনা করেন। প্রাক্তন পুরপিতা সুখেন মজুমদার বলেন, আগামী দিনে নিউব্যারাকপুর থেকে তারাপীঠগামী দুটো বাস চলাচল করবে। এলাকার মানুষের নিরাপত্তায় শহরের বিভিন্ন আনাচে কানাচে ১৮০টি সিসি ক্যামেরা লাগানো হয়েছে। প্রশাসন যথেষ্ট তৎপর। নাগরিক পরিষেবায় পুরসভা সহযোগিতা করে চলেছে।

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার অধীনে নন এসি এই বাসটি বিটি কলেজ হয়ে বিরাটি এক্সপ্রেসওয়ে দিয়ে ডানলপ ও বালি ব্রিজ হয়ে দিঘায় পৌঁছাবে। প্রতিদিন সকাল ৮টায় ছাড়বে বাসটি এবং পরদিন দুপুরে ৩টে ১০ মিঃ আবার নিউব্যারাকপুরের উদ্দেশে রওনা হবে। ৫৪ সিটের এই বাসটিতে ন্যূনতম ভাড়া ১৩০ টাকা। গাড়ি নম্বর WB 39B 4519 উদ্বোধনকে ঘিরে প্রচুর মানুষের সমাগম হয়।

বাস ও লরির মুখোমুখি সংঘর্ষে আহত ১৫

নিজস্ব সংবাদদাতা, কান্দি : সরকারি বাস ও লরির মুখোমুখি সংঘর্ষে আহত হলেন ১৫ জন যাত্রী।

সোমবার ১১টা নাগাদ দুর্ঘনাটি ঘটে কান্দি-বহরমপুর রাজ্য সড়কের উপর গোকর্ণে। আহত যাত্রীদের মধ্যে ৬ জনকে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। বাকিদের চিকিৎসা চলছে স্থানীয় হাসপাতালে। দুর্ঘটনার পর বাসের চালক পালিয়ে যান। বাসচালকের গাফিলতিতে দুর্ঘটনা বলে অভিযোগ উঠেছে। পুলিশ গাড়ি দুটি আটক করেছে।

রবিবার সকাল সাড়ে দশটা নাগাদ বহরমপুর থেকে বাসটি দুর্গাপুরের উদ্দেশে রওনা দেয়। বাসে প্রায় ৪০ জন যাত্রী ছিলেন। গোকর্ণ পাওয়ার হাউজের কাছে একটি মোড় ঘুরতে গিয়েই বাসের সঙ্গে মুখোমুখি ধাক্কা লাগে বালি বোঝাই লরির। দুর্ঘটনায় বাসের ১৫ জন যাত্রী আহত হন। তাদের গোকর্ণ গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে থেকে ৬ জনকে মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার করা হয়। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, দ্রুতগতিতে বাস চালাতে গিয়ে নিয়ন্ত্রণ হারান চালক।

এর আগে ২৯ জানুয়ারি মুর্শিদাবাদের দৌলতাবাদে ব্রিজের রেলিং ভেঙে নদীতে বাস পড়ে গিয়েছিল। ওই দুর্ঘটনায় মৃত্যু হয় ৪৪ জনের। জানা গেছে, ওই সময় বাসের চালক মোবাইলে কথা বলছিলেন।

চালকের গাফিলতিতে দুর্ঘটনা ঘটে বলে অভিযোগ। সোমবার দুর্ঘটনার পরও বাসচালকের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ উঠেছে।

বেহাল রাস্তা, দুর্ভোগে যাত্রীরা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া মুন্সীহাট থেকে চলে গেছে ইছানগরী যাবার রাস্তা। হাওড়া জেলার শেষ প্রান্তে ইছানগরী তারপরই হুগলী জেলা। সংস্কারহীন রাস্তাটি পড়ে থাকার পরও সরকার সংস্কার করার উদ্যোগ না নেওয়ায় জনমনে ক্ষোভ সৃষ্টি হচ্ছে। দীর্ঘ চার কিলোমিটার রাস্তাটি একেবারে ভগ্নদশা হয়ে পড়ে আছে।

সংস্কার না করায় পিচের আস্তরণ উঠে গিয়ে খানা খন্দে ভরা কোথাও আবার হাঁটু সমান গর্ত, বেশির ভাগ ক্ষেত্রেই দুর্ঘটনার সম্ভাবনা থেকে যায়। বেশ কয়েকটি গ্রামের মানুষ মূলত এই রাস্তা দিয়ে যাতায়াত করতে হয়। এই রাস্তা দিয়ে কয়েকশো যাত্রী ও স্কুল কলেজের ছাত্র-ছাত্রীরা যাতায়াত করে। এই রুটে ট্রেকার ও মোটর ভ্যানই একমাত্র ভরসা নিত্য যাত্রীদের। ট্রেকারে বাদুড় ঝোলা হয়ে জীবনের ঝুঁকি নিয়ে যাতায়াত করে নিত্য যাত্রীরা। শিশু, অন্তঃসত্ত্বা বয়স্কদের রাস্তা দিয়ে চলাচল করা অযোগ্য। নাম প্রকাশে অনিচ্ছুক এক যাত্রী জানান প্রশাসনের অধিকারিকরা ঘটনা জানা সত্ত্বেও আজ অবধি সংস্কার করার উদ্যোগ নেইনি। সুকুমার দাস নামে এক নিত্য যাত্রী জানান ট্রেকার ও মোটর ভ্যান চলাচল বন্ধ হয়ে গেলে মানুষ ভীষণ বিপদে পড়বে।

উত্তর কলকাতার টালা পার্ক এলাকায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত

নিজস্ব সংবাদদাতা, উত্তর কলকাতা : উত্তর কলকাতার টালা এলাকার ৪৮ বছরের ঐতিহ্যমণ্ডিত ও সমাজসেবী সংগঠন টালা ফ্রেন্ডস অ্যাসোসিয়েশনের উদ্যোগে ভাষা দিবস অত্যন্ত উৎসাহ উদ্দীপনার সঙ্গে সংস্থার প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিধায়ক মালা সাহা, ১নম্বর বরো চেয়ারম্যান তরুণ সাহা, পুর প্রতিনিধি বাপী ঘোষ, অঞ্জন পাল, সীতা জয়সোয়াল। সংস্থার সভাপতি ডঃ রাঘবেন্দ্র বল্লভ, সংস্থার সম্পাদক অনুজিৎ নান, সমাজসেবী রণজিৎ চট্টোপাধ্যায় সহ বিশিষ্ট ব্যক্তিগণ।

জেলে বন্দিদের সম্পর্কে তথ্য সংগ্রহ বীরভূম জেলা পুলিশের

নিজস্ব সংবাদদাতা, সিউড়ি : অপরাধীদের চিনতে অভিনব পন্থা নিল বীরভূম জেলা পুলিশ। রবিবার সিউড়ি ও বোলপুরের বেশ কয়েকটি থানার ওসিদের বীরভূম জেলা সংশোধনাগারে বিচারাধীন বন্দিদের মুখোমুখি বসানো হয়। কে কোন থানা এলাকার অধীনে অভিযুক্ত, তাদের অপরাধের ধরন কেমন, কতদিন ধরেই বা অপরাধের জগতে তাদের বিচরণ, এই সবকিছু সম্পর্কে নানা তথ্য সংগ্রহ করলেন জেলার বিভিন্ন থানার ওসি।

জেলা পুলিশের কর্তারা বলছেন, এর ফলে জেলার বিভিন্ন এলাকার অপরাধীদের সম্বন্ধে একটা সম্যক ধারণা হল বিভিন্ন থানার ওসির। এর ফলে এক থানা এলাকার অপরাধীরা অন্য থানা এলাকায় গিয়ে অপরাধ করতে গেলে সেখানকার থানার পুলিশ সহজেই তাদের চিনে ফেলতে পারবে। আইনে বিধান থাকলেও জেলে গিয়ে অপরাধীদের চেনানোর কোনও ব্যবস্থা এতদিন জেলা পুলিশে চালু ছিল না।

রবিবার সিউড়ি জেলা সংশোধনাগারে এই প্রথম এমন উদ্যোগ নেওয়া হল।

সিউড়ি থানা ছাড়াও সদাইপুর, দুবরাজপুর, লোকপুর, খয়রাশোল, কাঁকরতলা, রাজনগর, মহম্মদবাজার, সাঁইথিয়া ও পাড়ুই সহ বোলপুর এলাকার বেশ কয়েকটি থানার ওসি রবিবার সিউড়ি জেলে ডাকা হয়। মূলত সিএসপি ও ডিএমটি এলাকার সব থানার ওসিকে উপস্থিত থাকতে বলা হয়েছিল। এরপর জেলের ভিতর একটি ওয়ার্ডে তাঁদের সামনে হাজির করা হয় প্রায় ৩০০ বিচারধীন বন্দীকে। যারা ইতিমধ্যে সাজাপ্রাপ্ত তাদের থেকে বিচারাধীন বন্দিদের নিয়েই পুলিশের চিন্তা বেশি।

CHANGE OF NAME

I, PREVIOUSLY CALLED JITENDER SINGH GILL ALIAS KALE S/O, LATE JAGDEV SINGH R/O, 15/3, MAYURBHANJ ROAD P.S. EKBALPORE. KOLKATA-700023. HAVE CHANGED MY NAME AS JITENDER SINGH GILL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 24.02.2018

CHANGE OF NAME

I, PREVIOUSLY CALLED KAIYANT HAROON DHALECH W/O, SHADAB ALAM R/O, 30, SHAMSUL HUDA ROAD P.S. KARAYA. KOLKATA-700017. HAVE CHANGED MY NAME AS KAYANAT DHALECH VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 21.02.2018

AFFIDAVIT

I, Raja Sarkar,S/O Subash Sarkar, R/O 651/2/1/1,Malancha Road, P.O-Hazinagar, P.S. Naihati, Dist-North 24 Parganas-743135 declare that in my Birth Certificate, the name of my father hasbeen wrongly recorded as Prasanta Sarkar instead of Subash Sarkar. So I rectification name of my father in my said birth certificate by the authority of Naihati Municipality asper Affidavit Notary Public Kolkata on 08.10.2017.

CHANGE OF NAME / SUR NAME

I,Sagar Roy R/O Jhanjupara, Kismat Sukani,Fatapukur, P.S. RaJganj, Dist- Jalpaiguri. I have here Change my former and adopted Name/Surname of Sagar Gowala and Sagar Roy as per Affidavit Notary Public, at Sealdah Court on 19 Feb,2018.

I,TaJ Roy R/O Janjupara, Kismat Sukani, Fatapukur, P.S. Rajunge, Dist- Jalpaiguri. I have here Change my former and adopted Name/ Surname of Taj Gowala and Taj Roy as per Affidavit Notary Public, at Sealdah Court on 22 Feb,2018.

I,Mina Roy W/O Taj Roy R/O Janjupara, Kismat Sukani, Fatapukur, P.S. Rajgunge, Dist- Jalpaiguri, Pin-735134. I have here Change my former and adopted Name/Surname of Mina Gowala and Mina Roy as per Affidavit Notary Public, at Sealdah Court on 26 Feb,2018.

Change of Name

I, Mohammad Momin Ali S/O Majet Ali Molla R/O Noyabad (Purba), Dakshin Para. P.O. Polerhat, P.S. Kashipur, District-24 Parganas (South) Kolkata-700 135. I have hereunto subscribed my former and adopted name/ surname of Mamin Molla and Mohammad Momin Ali asper Affidavit Notary Public Kolkata on 26.02.2018.

Change of Name

I, AKBAR HUSSAIN S/O EJAZ RASHID R/O 43/B HEM CHANDRA STREET, P.S-WATGUNGE, KOLKATA-700023,INDIA. I have hereunto subscribed my former and adopted name/surname of MOHAMMED NAUSHAD and AKBAR HUSSAIN asper Affidavit Notary Public Kolkata on 07.02.2018.

Change of Name

I, Majida Khatun W/O Mohammad Momin Ali. R/O Village-Noyabad, P.O-Polarhat, P.S- Kashipur,District -24 Parganas (South), Kolkata-700 135. My formar name / Surname of Majida Molla and Majida Khatun are the same and one identical person asper Affidavit Notary Public Kolkata on 26.02.2018.

CHANGE OF NAME

I Sudeb Chakraborty, S/o Kalidas Chakraborty, R/o 3L, Naskar Para Lane, Kolkata - 700031 have changed my minor son's name from Sarbojit Chakraborty (D.O.B: 18.02.2010) To Debojit Chakraborty vide affidavit before 1st Class Judicial Magistrate, Alipore, Kolkata on 05.02.2018